রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৫, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নম্বর-৩৪৬-আইন/২০১৯।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **শিরোনাম।**—এই বিধিমালা 'জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯' নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার কোনো তফসিল;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রদত্ত যে কোনো কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিল-১ এ উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ কোনো পদের বিপরীতে তফসিল-১ এ উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিস" অর্থ কোনো পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি;

(ছ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" অর্থ আপাতত বলবৎ কোনো আইন দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত অন্য কোনো বিশ্ববিদ্যালয় বা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।



মূল্য : টাকা ১২.০০

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলি এবং তফসিল-১ এ বর্ণিত বিধান সাপেক্ষে, কোনো পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগ করা হইবে, যথা ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে; এবং

(গ) প্রেষণে বদলির মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিল-১ এ বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাবহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইলড না হন; এবং

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হয়, বা তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকরিতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা যাইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং

(খ) সরকারি চাকরি বা কোনো স্থানীয় কতৃপক্ষের চাকরিতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

(৬) যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আবেদন করিয়া কোনো ব্যক্তি নিয়োগপ্রাপ্ত হইলে উক্ত নিয়োগ নব নিয়োগ হিসাবে গণ্য হইবে এবং তাহার পূর্ব চাকরিকাল শুধু পেনশন ও বেতন সংরক্ষণের জন্য প্রযোজ্য হইবে, জ্যেষ্ঠতা বা অন্য কোনো আর্থিক সুবিধার জন্য উক্ত কর্মকাল গণনাযোগ্য হইবে না।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে গঠিত সংশ্লিষ্ট বাছাই কমিটি অথবা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এ উল্লিখিত ১৩তম—১৬তম বেতন গ্রেডের কোনো পদ হইতে ১০ম—১২তম বেতন গ্রেডের কোনো পদে এবং ১০ম—১২তম বেতন গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব বেতন গ্রেডের কোনো পদে কমিশনের সুপারিশ ব্যতিরেকে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে না।

(২) যদি কোনো ব্যক্তির চাকরি বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশি**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে ০২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে ০১ (এক) বৎসরের জন্য নিয়োগ করা হইবে;

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিশির মেয়াদ এইরূপ বর্ধিত করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ০২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যেই ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশির মেয়াদকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার কর্ম ও আচরণ সন্তোষজনক নহে বা তাহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশের চাকরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশির মেয়াদকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে, উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাহাকে চাকরিতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদকালে কোনো শিক্ষানবিশের কর্ম ও আচরণ সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকরির অবসার ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারি আদেশবলে সময় সময় যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন :

তবে শর্ত থাকে যে, যে সকল কর্মচারীর বয়স ৫০ (পঞ্চাশ) বৎসর উত্তীর্ণ হইয়াছে সেই সকল কর্মচারীকে তফসিল-১ এ বর্ণিত পদের শিক্ষানবিশকাল শেষ হইবার ০১ (এক) বৎসরের মধ্যে স্থায়ী হইবার ক্ষেত্রে বর্ণিত পরীক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে না।

(৫) অস্থায়ীভাবে সৃজিত পদে অস্থায়ীভাবে নিয়োগপ্রাপ্ত ব্যক্তি শিক্ষানবিশ হিসাবে গণ্য হইবেন তবে অস্থায়ী পদ যে তারিখে স্থায়ী হইবে সেই তারিখ হইতে উক্ত ব্যক্তির চাকরি স্থায়ী হইবে।

৭। **বিশেষ বিধান**।—কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ আসিলে উভয় কোটার ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

৮। **রহিতকরণ ও হেফাজত**।—(১) এই বিধিমালা কার্যকর হইবার সঙ্গে সঙ্গে, জাতীয় সঞ্চয় পরিদপ্তর (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৫, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, রহিত হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার অধীন—

(ক) নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা ও কর্মচারী এই বিধিমালার অধীন নিয়োগপ্রাপ্ত হইয়াছেন বলিয়া গণ্য হইবে;

(খ) কৃত কার্য বা গৃহীত ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;

(গ) গৃহীত কোনো কার্যক্রম নিষ্পন্নাধীন থাকিলে উহা উক্ত বিধিমালার অধীন এমনভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন এই বিধিমালা কার্যকর হয় নাই;

(ঘ) নিয়োগকৃত অতিরিক্ত পরিচালক, সিনেমা অপারেটর এবং দপ্তরী পদে কর্মরত কর্মচারীগণ পদোন্নতি, অবসর, পদত্যাগ, মৃত্যু বা অন্য কোনো কারণে পদ শূন্য না হওয়া পর্যন্ত উক্ত বিধিমালার অধীনে প্রদেয় সুযোগ-সুবিধা প্রাপ্য হইবেন।

**তফসিল-১**
**[বিধি ২(খ), (ঘ), (ঙ), বিধি ৩ এবং বিধি ৭ দ্রষ্টব্য]**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১। | মহাপরিচালক | - | প্রেষণে নিয়োগের মাধ্যমে | সরকারের যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ২। | পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** উপ-পরিচালক পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতাসহ ৯ম গ্রেড বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত পদে অন্যূন ১৫ (পনের) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। **প্রেষণে নিয়োগের ক্ষেত্রে :** সরকারের অন্যূন উপ-সচিব পদমর্যাদার কর্মকর্তা। |
| ৩। | সিস্টেম এনালিস্ট | - | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সরকারি প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা অনুযায়ী। | |
| ৪। | উপ-পরিচালক | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী পরিচালক পদে অন্যূন ৪(চার) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৫। | সহকারী প্রোগ্রামার | - | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সরকারি প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা অনুযায়ী। | |
| ৬। | সহকারী পরিচালক | ৩০ বৎসর | (ক) শতকরা ৪০ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) শতকরা ৬০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** সঞ্চয় অফিসার পদে অন্যূন ৫(পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে। **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :** কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোনো বিষয়ে— (ক) প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা (খ) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) ডিগ্রিসহ দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা (গ) ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থকিতে হইবে। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ৭। | সঞ্চয় অফিসার | ৩০ বৎসর | (ক) শতকরা ৩০ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৭০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) উচ্চমান সহকারী, হিসাব রক্ষক, সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর পদে অন্যূন ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(খ) বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে, তবে ৫০ (পঞ্চাশ) বছর বা তদূর্ধ্ব বয়সের ফিডার পদধারীদের ক্ষেত্রে শিথিলযোগ্য।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে—<br>(ক) দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতকোত্তর ডিগ্রি; অথবা<br>(খ) ৪ (চার) বৎসর মেয়াদী দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি থাকিতে হইবে। |
| ৮। | হিসাব রক্ষক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯। | সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ ও তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০। | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ ও তফসিল-৫ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১১। | উচ্চমান সহকারী | ৩০ বৎসর | (ক) শতকরা ৮০ ভাগ পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ২০ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক অথবা ডাটা এন্ট্রি অপারেটর পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১২। | গাড়ী চালক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বিআরটিএ) কর্তৃক ইস্যুকৃত বৈধ লাইসেন্সসহ (হালকা বা ভারী লাইসেন্স) হালকা বা ভারী যানবাহন চালনায় পারদর্শী; এবং<br>(গ) তফসিল-৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৩। | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ৩০ বৎসর | (ক) শতকরা ২৫ ভাগ পদোন্নতির মাধ্যমে; তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে; এবং<br>(খ) শতকরা ৭৫ ভাগ সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>(ক) বার্তাবাহক পদে অন্যূন ৫ (পাঁচ) বৎসর অথবা অফিস সহায়ক পদে ৮ (আট) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(খ) তফসিল-৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএ- তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-২ ও ৬ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
|---|---|---|---|---|
| ১৪। | ডাটা এন্ট্রি অপারেটর | জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত সরকারি প্রতিষ্ঠানের জন্য কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা অনুযায়ী। | | |
| ১৫। | বার্তাবাহক | ৩০ বৎসর | (ক) পদোন্নতির মাধ্যমে; এবং<br>(খ) পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :**<br>অফিস সহায়ক পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকরির অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বৈধ লাইসেন্সসহ মটরসাইকেল চালনার অভিজ্ঞতা; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৬। | অফিস সহায়ক | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

## তফসিল-২
### [তফসিল-১ এর ক্রমিক নং ৮, ৯, ১০, ১১ এবং ১৩ দ্রষ্টব্য]

হিসাব রক্ষক, সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর, সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর, উচ্চমান সহকারী, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়ের নাম | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ৩০ | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | ইংরেজি | ৩০ | | | |
| | গণিত | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর | ১১০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন। তবে যে সকল পদের ক্ষেত্রে ব্যবহারিক পরীক্ষা প্রযোজ্য, সেই সকল পদে ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৩

**[তফসিল-১ এর ক্রমিক নং ১৫ ও ১৬ দ্রষ্টব্য]**

বার্তাবাহক ও অফিস সহায়ক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়ের নাম | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ১০ | | | |
| | গণিত/পদসংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর | ৫০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৪

**[তফসিল-১ এর ক্রমিক নং ১২ দ্রষ্টব্য]**

গাড়ী চালক পদে সরাসরি নিয়োগের জন্য প্রার্থীদের পরীক্ষার বিষয়, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | পরীক্ষা পদ্ধতি ও বিষয়ের নাম | বিষয়ভিত্তিক নম্বর | মোট নম্বর | লিখিত পরীক্ষার সর্বনিম্ন পাস নম্বর | লিখিত পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|
| ক. | ১. লিখিত পরীক্ষার বিষয় | | | | |
| | বাংলা | ১৫ | ৪০ | ৫০% | ৬০ মিনিট |
| | ইংরেজি | ১০ | | | |
| | গণিত/পদসংশ্লিষ্ট বিষয় | ১৫ | | | |
| খ. | ২. মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| | | সর্বমোট নম্বর | ৫০ | | |

ব্যাখ্যা : লিখিত পরীক্ষা এবং বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) কর্তৃক মনোনীত প্রতিনিধির উপস্থিতিতে গৃহীত ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হইবেন।

## তফসিল-৫

[তফসিল-১ এর ক্রমিক নং ৯ ও ১০ দ্রষ্টব্য]

সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর ও সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের সাঁট লিপি ও কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি পরীক্ষায় মোট নম্বর | বাংলা পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে সর্বনিম্ন পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| **সাঁটলিপি** | | | | | | | |
| সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৮০ শব্দ | ৫০ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৭০ শব্দ | ৪৫ শব্দ | ১০০ | ১০০ | ৪০% | ৫ মিনিট | ৫ মিনিট |
| **কম্পিউটার মুদ্রাক্ষর** | | | | | | | |
| সাঁট-লিপিকার কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |
| সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর | ৩০ শব্দ | ২৫ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা : (১) সাঁট-লিপি নোট প্রতিলিপিকরণ (Transcribe) এর জন্য ৩০ মিনিট সময় বরাদ্দ থাকিবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোন গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে;

(৩) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে; এবং

(৪) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে।

**তফসিল-৬**
**[তফসিল-১ এর ক্রমিক নং ১৩ দ্রষ্টব্য]**

অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে প্রার্থীগণের কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি, নম্বর, ইত্যাদি হইবে নিম্নরূপ, যথা :—

| পদের নাম | ইংরেজিতে সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | বাংলায় সর্বনিম্ন গতি (প্রতি মিনিটে) | ইংরেজি কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | বাংলা কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষায় মোট নম্বর | প্রতি বিষয়ে পাস নম্বর | ইংরেজি পরীক্ষার সময় | বাংলা পরীক্ষার সময় |
|---|---|---|---|---|---|---|---|
| অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক | ২০ শব্দ | ২০ শব্দ | ৫০ | ৫০ | ৪০% | ১০ মিনিট | ১০ মিনিট |

ব্যাখ্যা :(১) বাংলা ও ইংরেজি উভয় প্রকার কম্পিউটার মুদ্রাক্ষরের ক্ষেত্রে ৫টি স্ট্রোক একটি শব্দ হিসাবে গণ্য হইবে;

(২) ৫% এর অধিক ভুলের ক্ষেত্রে কোনো গতি অর্জন করেন নাই বলিয়া গণ্য হইবে; এবং

(৩) সর্বনিম্ন গতিকে পাস নম্বর (৪০%) হিসাবে গণ্য করা হইবে;

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**, এনডিসি
সিনিয়র সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd